

বান্দরবানে কলাগাছের সুতা থেকে তৈরি হচ্ছে বহুমুখী পণ্য

By **বার্তা কক্ষ** - আগস্ট ২৫, ২০২২ ৩:২০ অপরাহ্ন



রিমন পালিত, বান্দরবান প্রতিনিধি: পার্বত্য জেলা বান্দরবানে কলাগাছ থেকে তৈরি করা হচ্ছে সুতা আর এই সুতা থেকে তৈরি হচ্ছে বহুমুখী পণ্য সামগ্রী। এ পণ্য সামগ্রী যাতে ব্যাপকভাবে প্রস্তুত করে বাজারে ছড়িয়ে দেওয়া যায় তার জন্য পাঁচ দিনব্যাপী এক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

আজ ২৫ আগস্ট বৃহস্পতিবার সকালে নুসাইবাড়ি পির্জাৰ কনফাৱেল্স রুমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন আয়োজনে বান্দরবান উইমেন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সহযোগিতায় ২৪ থেকে ২৯ তারিখ পর্যন্ত ৫ দিনব্যাপী কলা গাছের সুতা থেকে পণ্য তৈরি করার এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে ৩০ জন প্রশিক্ষণ একটি অংশগ্রহণ করে।

বান্দরবান উইমেন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি লালছানি লুসাই এ সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবৰীজি সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ অনেকে।

অনুষ্ঠানে জেলা প্রশাসক বলেন পার্বত্য জেলা বান্দরবানের পিছিয়ে পড়া সকল জনসাধারণকে শিল্পক্ষেত্রে এগিয়ে নিতে এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ হিসেবে কাজ করবে। যেহেতু পাহাড়ি অঞ্চল হওয়াতে বান্দরবানে পর্যাপ্ত পরিমাণ কলা গাছ আছে আর এ কলা গাছ থেকে সুতা তৈরি করে বিভিন্ন পণ্য বাজারজাত করলে বান্দরবান অনেক দূর এগিয়ে যাবে। আশা করছি প্রশিক্ষণার্থীরা এখান থেকে প্রশিক্ষণ নিয়ে ভালো কিছু করবে এবং বান্দরবানের সুনাম সম্পূর্ণ বিশ্বের মাঝে ছড়িয়ে দিবে। এজন্য জেলা প্রশাসক সকলকে এই মহৎ কাজটিকে সফল করার জন্য এগিয়ে আসার আহ্বান জানান।